




বাংলাদেশ চা বোর্ড
চা বাগান ব্যবস্থাপনা কোষ
প্রধান কার্যালয়
১৭১-১৭২ বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।



“বেশি বেশি চা পান করুন
স্বাস্থ্য সুন্দর সতেজ রাখুন”।

“বেশি বেশি লিকার চা পানে
ক্যান্সার, হৃদরোগ হার মানে”।

নিয়োগ বিজ্ঞপ্তি


বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রিত ও পরিচালিত মৌলভীবাজার জেলায় অবস্থিত বিভিন্ন চা বাগানের জন্য নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিক হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা
১	মহাব্যবস্থাপক	আলোচনাসাপেক্ষে	০১টি	<ul style="list-style-type: none"> প্রার্থীর যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসহ ৪ (চার) বছরের স্নাতক ডিগ্রী অথবা ২য় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। তবে কৃষি/ উদ্ভিদ বিজ্ঞান/ চা চাষ সংক্রান্ত বিষয়ে ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর। প্রার্থীর চা চাষ, চা উৎপাদন, চা প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ ও চা বাগান ব্যবস্থাপনার ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে কোন প্রতিষ্ঠিত চা বাগানে ব্যবস্থাপক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছর এবং উপব্যবস্থাপক/ সহকারী ব্যবস্থাপক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছরসহ ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে দক্ষ ব্যক্তিগণের ক্ষেত্রে অভিজ্ঞতার সময়সীমা শিথিলযোগ্য। প্রার্থীর শ্রম আইন, কর আইন, ভূমি বিষয়ক আইন, কর্পোরেট আইন, সিকিউরিটিস আইন, কোম্পানী আইনসহ প্রাসঙ্গিক অন্যান্য আইন ও বিধিবিধান সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। তাঁকে নেশোশিয়েশনে দক্ষ এবং আকর্ষণীয় ব্যক্তিত্বসম্পন্ন ও সদালাপী হতে হবে।
২	উপব্যবস্থাপক	আলোচনাসাপেক্ষে	০২ টি	<ul style="list-style-type: none"> ন্যূনতম স্নাতক পাশ। বিএসসি (সম্মান), এমএসসি- উদ্ভিদ বিজ্ঞান/ মৃত্তিকা বিজ্ঞান/ কৃষিতত্ত্ব/ ফরেস্ট্রি বিষয়ে ডিগ্রীধারী ব্যক্তিগণকে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স অনূর্ধ্ব ৪০ বছর। সহকারী ব্যবস্থাপক/ উপব্যবস্থাপক হিসাবে কোন প্রতিষ্ঠিত চা বাগানে ন্যূনতম ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। নিয়োগের পরবর্তী ১২ (বার) মাস দক্ষতার সাথে সমন্বয়জনকভাবে চাকুরি করতে পারলে ব্যবস্থাপক পদে উন্নীত করা হবে।
৩	সহকারী ব্যবস্থাপক (মাঠ)	২৩,০০০-৫৫,৪৭০ টাকা স্কেলে বাংলাদেশ চা বোর্ডের অনুমোদিত হারে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন	০১ টি	<ul style="list-style-type: none"> ন্যূনতম স্নাতক পাশ। বিএসসি (অনার্স)- উদ্ভিদ বিজ্ঞান/ মৃত্তিকা বিজ্ঞান/ কৃষিতত্ত্ব বিষয়ে ডিগ্রীধারী ব্যক্তিগণকে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।
৪	সহকারী ব্যবস্থাপক (কারখানা)	২৩,০০০-৫৫,৪৭০ টাকা স্কেলে বাংলাদেশ চা বোর্ডের অনুমোদিত হারে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন	০১ টি	<ul style="list-style-type: none"> বিএসসি / ডিপ্লোমা (মেকানিকাল ইঞ্জিনিয়ার) বিষয়ে ডিগ্রী থাকতে হবে। বয়স ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

৪

				<ul style="list-style-type: none"> ● সহকারী ব্যবস্থাপক (কারখানা) এর ক্ষেত্রে কোন প্রতিষ্ঠিত চা বাগানের কারখানায় ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
--	--	--	--	---

- ১। দরখাস্তে প্রার্থীর পুরো নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (২১/০১/২০২৫খ্রি. তারিখে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা ও ধর্ম লিপিবদ্ধ করতে হবে।
- ২। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত চিত্রলিপি আবেদনের সহিত সংযুক্ত করতে হবে। চূড়ান্ত মৌখিক পরীক্ষার সময় উক্ত মূল সনদপত্র সংগে আনতে হবে।
- ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ ওয়ার্ড কমিশনার এর নিকট হতে জাতীয়তা সনদ এবং প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি আবেদনের সহিত দাখিল করতে হবে।
- ৪। বৈধ কাগজপত্র ও সম্মতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ আবেদন সচিব, বাংলাদেশ চা বোর্ডকে সম্বোধন করে আগামী ২০/০২/২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন দাখিল করতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ৫। আবেদনপত্রের সাথে সচিব, বাংলাদেশ চা বোর্ড এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার দাখিল করতে হবে।
- ৬। অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনের সহিত সংযুক্ত কোন কিছুই ফেরতযোগ্য নহে।
- ৭। আবেদনের সহিত প্রার্থীর নিজ নাম ও বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ টাকার মূল্যমানের ডাকটিকিটসহ ৯.৫ x ৪.৫ ইঞ্চি বিশিষ্ট ১টি ফেরত খাম সংযুক্তকারে প্রেরণ করতে হবে।
- ৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় যাতায়াতের জন্য কোন প্রকার টি.এ / ডি.এ প্রদান করা হবে না।
- ৯। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/ বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১০। যে কোন তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।



চেয়ারম্যান

বাংলাদেশ চা বোর্ড এর পক্ষে সচিব